গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৫২/২০১৯-২০২০
ঢাকা ২৬ জানুয়ারি রোববার ২০২০, ১২ মাঘ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

**১। আজ চট্টগ্রাম শেখ রাসেল পানি শোধনাগার এবং ঢালারচর ও জামালপুর এক্সপ্রেস উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী সিটিভি'র ১২ ঘন্টা সম্প্রচার শুরু আজ**

**২। খেলাধুলার মাধ্যমে সুনাগরিক গড়তে চাই : বঙ্গবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্টের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

**৩। বঙ্গবন্ধু টানেল অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করবে : চট্টগ্রামে স্পিকার**

**৪। মুক্তিযোদ্ধা ভাতা তিন মাসের পরিবর্তে এখন থেকে প্রতি মাসে দেওয়া হবে : মৌলভীবাজারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

**৫। যত বেশি নারীচালক নিয়োগ দেয়া হবে, সড়ক দুর্ঘটনার ঝুঁকি ততটাই কমবে : সেতুমন্ত্রী**

**৬। অবশ্যই আন্তর্জাতিক আদালতের রায় মানতে হবে মিয়ানমারকে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

**৭। শিক্ষার্থীদের গণতান্ত্রিক চর্চা সম্পর্কে ধারণা দিতেই স্টুডেন্টস কেবিনেট : শিক্ষামন্ত্রী**

**৮। বাংলাদেশে খাদ্য ও বেভারেজ শিল্পখাতে থাই উদ্যোক্তাদের বিনিয়োগের আহ্বান শিল্পমন্ত্রীর**

**৯। চালের দাম নিয়ে দুশ্চিন্তার কোনো কারণ নেই : রাজশাহীতে খাদ্যমন্ত্রী**

**১০। কৃষকদের বেশি প্রণোদনা দিয়ে পেঁয়াজের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে চাহিদা পূরণের সিদ্ধান্ত নিয়েছে সরকার : রংপুরে বাণিজ্যমন্ত্রী**

**১১। বঙ্গবন্ধু রেলসেতুর ভিত্তিপ্রস্তর মার্চে : রেলমন্ত্রী**

**১২। জনগণের মন থেকে কর প্রদানের ভীতি দূর করতে হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

**১৩। আলোচনার মাধ্যমেই তিস্তা চুক্তি হবে : বরিশালে পানিসম্পদ প্রতিমন্ত্রী**

**১৪। প্রধানমন্ত্রীর নির্দেশে হতদরিদ্রদের মাঝে শীতবস্ত্র পৌঁছে দেয়া হচ্ছে : দিনাজপুরে ত্রাণ প্রতিমন্ত্রী**

**১৫। আন্তর্জাতিক কাস্টমস দিবস আজ**

চলমান পাতা-২

**১। আজ চট্টগ্রাম শেখ রাসেল পানি শোধনাগার এবং ঢালারচর ও জামালপুর এক্সপ্রেস উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী সিটিভি'র ১২ ঘন্টা সম্প্রচার শুরু আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঈশ্বরদী-পাবনা-ঢালারচর রুটে ঢালারচর এক্সপ্রেস এবং ঢাকা-তারাকান্দি-জামালপুর রুটে জামালপুর এক্সপ্রেস ও চট্টগ্রামে শেখ রাসেল পানি শোধনাগারের উদ্বোধন করবেন। এছাড়া আজ (২৬ জানুয়ারি রোববার) থেকে ১২ ঘন্টা সম্প্রচারে যাচ্ছে বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র (সিটিভি)। আজ সকালে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এসব কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**২। খেলাধুলার মাধ্যমে সুনাগরিক গড়তে চাই : বঙ্গাবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্টের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার সবসময় খেলাধুলাকে গুরুত্ব দেয়, কারণ এর মাধ্যমে আগামীর নাগরিকরা যেন যোগ্য হয়ে গড়ে উঠতে পারে। তিনি বলেন, জাতির পিতা স্বাধীনতা এনে দিয়েছিলেন বলেই আজকে স্বাধীন দেশে আমরা এ টুর্নামেন্ট আয়োজন করতে পেরেছি। খেলাধুলার মধ্যদিয়ে দেশের মানুষ আরো সুনাগরিক হিসেবে গড়ে উঠুক-সেটাই আমরা চাই। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) বঙ্গাবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গাবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট -২০২০ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব বলেন।বঙ্গাবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্টের চ্যাম্পিয়ন ফিলিস্তিনসহ অংশগ্রহণকারী প্রত্যেকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৫), **অবজাতভার** (পৃ.১,ক.১)।

**৩। বঙ্গাবন্ধু টানেল অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করবে : চট্টগ্রামে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে কর্ণফুলী টানেল অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করবে। চট্টগ্রাম ও এর পার্শ্ববর্তী এলাকার যাতায়াত ব্যবস্থার উন্নয়নে এ টানেল এক নতুন মাত্রা যোগ করবে। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) কর্ণফুলী নদীর তলদেশে নির্মাণাধীন বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

**৪। মুক্তিযোদ্ধা ভাতা তিন মাসের পরিবর্তে এখন থেকে প্রতি মাসে দেওয়া হবে : মৌলভীবাজারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, এখন থেকে প্রত্যেক মুক্তিযোদ্ধাকে মুক্তিযোদ্ধা ভাতা তিন মাসের পরিবর্তে প্রতি মাসে মোবাইল ফোনের মাধ্যমে দেওয়া হবে। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) মৌলভীবাজারে চারটি উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১),**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **অবজারভার** ( শেষ পৃ.,ক.৬)।

**৫। যত বেশি নারীচালক নিয়োগ দেয়া হবে, সড়ক দুর্ঘটনার ঝুঁকি ততটাই কমবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, নারী গাড়িচালকেরা নিয়ম মেনে চলেন, ঠান্ডা মাথায় গাড়ি চালান। দায়িত্ব পালনের সময় মোবাইল ফোনে কথা বলেন না। তাই যত বেশি নারীচালক নিয়োগ দেয়া হবে, সড়ক দুর্ঘটনার ঝুঁকি ততটাই কমবে। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) মহাখালীর ব্র্যাক সেন্টারে নারী গাড়িচালকদের প্রশিক্ষণ পরবর্তী সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৬। অবশ্যই আন্তর্জাতিক আদালতের রায় মানতে হবে মিয়ানমারকে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, মিয়ানমারকে আন্তর্জাতিক আদালতের রায় অবশ্যই মানতে হবে। তাদের এ রায় প্রত্যাখ্যান করার কোনো সুযোগ নাই। এটি একটি ঐতিহাসিক রায়। সেখানে যতজন বিচারক ছিল তারা সর্বসম্মতভাবে এ রায় দিয়েছেন। এতদিন যারা মিয়ানমারকে এ কাজ থেকে নিবৃত্ত করার ক্ষেত্রে পর্যাপ্ত চাপ প্রয়োগ করেনি তারা রোহিঙ্গাদের যাতে পূর্ণাঙ্গ নাগরিক অধিকার দিয়ে বাংলাদেশ থেকে ফেরত নিয়ে যায় সেজন্য আন্তর্জাতিক সম্প্রদায় এ রায়ের পর মিয়ানমারের উপর চাপ প্রয়োগ করবে। মিয়ানমারকে এ রায় অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা' শীর্ষক কর্মসূচির আওতায় উপজেলার ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন শিক্ষা উপকরণ বিতরণ ও ক্যান্সার রোগীদের অনুদানের চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** ( শেষ পৃ, ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**৭। শিক্ষার্থীদের গণতান্ত্রিক চর্চা সম্পর্কে ধারণা দিতেই স্টুডেন্টস কেবিনেট : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শিক্ষার্থীদের মাঝে গণতান্ত্রিক চর্চা ও নিজেদের অধিকার সম্পর্কে ধারণা দিতেই স্টুডেন্টস কেবিনেট বা শিক্ষার্থী-মন্ত্রিসভা নির্বাচন আয়োজন করা হয়েছে। এতে পরমতের প্রতি সহিষ্ণুতা, শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে আন্তরিকতা তৈরি, শিক্ষার্থী ঝরেপড়া রোধসহ নিজেদের মূল্যবোধ ও দায়িত্ব সম্পর্কে সচেতন হবে ছাত্রছাত্রীরা। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) মতিঝিল সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ে স্টুডেন্টস কেবিনেট নির্বাচনের ভোটকেন্দ্র পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**৮। বাংলাদেশে খাদ্য ও বেভারেজ শিল্পখাতে থাই উদ্যোক্তাদের বিনিয়োগের আহ্বান শিল্পমন্ত্রীর**

বাংলাদেশে খাদ্য ও বেভারেজ শিল্পখাতে বিনিয়োগের বিশাল সম্ভাবনা রয়েছে উল্লেখ করে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এ খাতে থাইল্যান্ডের ঐতিহ্যবাহী বেভারেজ শিল্পপ্রতিষ্ঠান থাইবেভকে বিনিয়োগ করার আহ্বান জানিয়েছেন। থাইল্যান্ড সফররত শিল্পমন্ত্রী গত ২৪ জানুয়ারি শুক্রবার থাইবেভ পরিদর্শনকালে প্রতিষ্ঠানটির উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আয়োজিত এক বৈঠকে এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১৪, ক.৬)।

**৯। চালের দাম নিয়ে দুশ্চিন্তার কোনো কারণ নেই : রাজশাহীতে খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, সরু চাল যেটাকে মিনিকেট-নাজিরশাইল বলে, সে ধান শুধু এপ্রিল মাসে পাওয়া যায়। তাই সারাবছর ঐ চালের সরবরাহ থাকে না। আর মোটা চালের দাম সরকারি দরের চেয়ে অনেক কম আছে। অতএব চালের দাম বাড়েনি। যেটা বেড়েছে এটা নিয়ে দুশ্চিন্তার কোনো কারণ নেই। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) রাজশাহীর পবা উপজেলায় এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১), **জনকণ্ঠ**, (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ,ক.১)।

**১০। কৃষকদের বেশি প্রণোদনা দিয়ে পেঁয়াজের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে চাহিদা পূরণের সিদ্ধান্ত নিয়েছে সরকার : রংপুরে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, ভারত থেকে আমরা আর পেঁয়াজ আমদানি করবো না। এবার পেঁয়াজ আমদানি না করে দেশের কৃষকদের বেশি প্রণোদনা দিয়ে উৎপাদন বৃদ্ধি করে পেঁয়াজের চাহিদা পূরণ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এজন্য কৃষি মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) রংপুর নগরীর সেন্ট্রাল রোডস্থ তার বাসভবনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.২)।

**১১। বঙ্গবন্ধু রেলসেতুর ভিত্তিপ্রস্তর মার্চে : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন বলেছেন, যমুনা নদীর ওপর নির্মিত বঙ্গবন্ধু সেতুর উজানে নতুন বঙ্গবন্ধু রেলসেতুর নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে আগামী মার্চ মাসে। এছাড়া, পদ্মাসেতুর ওপর দিয়ে মাওয়া পর্যন্ত ৭২ কিলোমিটার নতুন রেলপথ নির্মাণ, হার্ডিঞ্জ ব্রিজের পাশে আরোও একটি নতুন রেলসেতু নির্মাণ করা হবে। কমলাপুর থেকে জয়বেদপুর পর্যন্ত চার লাইনের কাজ দ্রুত চলছে। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) কমলাপুর রেলওয়ের রেস্ট হাউসে বাংলাদেশ রেলওয়ে শ্রমিক লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহীর নবগঠিত কমিটির সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৮)।

**১২। জনগণের মন থেকে কর প্রদানের ভীতি দূর করতে হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন জনগণের মন থেকে কর প্রদানের ভীতি দূর করে কর আদায় আরো বৃদ্ধি করতে বাংলাদেশ সিভিল সার্ভিস (ট্যাক্সেশন) ক্যাডারের কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে বাংলাদেশ সিভিল সার্ভিস (ট্যাক্সেশন) অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভায় তিনি এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **বণিক বার্তা** (পৃ.১৩,ক.৫)।

**১৩। আলোচনার মাধ্যমেই তিস্তা চুক্তি হবে : বরিশালে পানিসম্পদ প্রতিমন্ত্রী**

পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক বলেছেন, ভারত আমাদের প্রতিবেশী বন্ধুপ্রতীম দেশ। তাদের সঙ্গে বাংলাদেশের সম্পর্কও ভালো। বহুল প্রতীক্ষিত তিস্তা চুক্তি নিয়ে দুই দেশের মন্ত্রণালয় প্রস্তাবনা তৈরি করছে। ভারতের পানিসম্পদ মন্ত্রীকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানানো হয়েছে। আলোচনার মাধ্যমেই আগামীতে তিস্তা চুক্তি সম্পন্ন হবে এবং বাংলাদেশ এ চুক্তির ব্যাপারে আশাবাদী। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) বরিশাল সদর উপজেলার চরকাউয়া ইউনিয়নে এক স্কুলের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে তিনি এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৬,ক.৭), **বণিক বার্তা** (পৃ.১৩,ক.১)।

**১৪। প্রধানমন্ত্রীর নির্দেশে হতদরিদ্রদের মাঝে শীতবস্ত্র পৌঁছে দেয়া হচ্ছে : দিনাজপুরে ত্রাণ প্রতিমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান বলেছেন, প্রধানমন্ত্রীর নির্দেশে প্রতিটি ঘরে হতদরিদ্রদের মাঝে শীতবস্ত্র পৌঁছে দেয়া হচ্ছে। সরকার ৬৮ হাজার গ্রামে ২১ কোটি টাকা ব্যয়ে ৬৮ হাজার ঘর করে দেবে। ইতোমধ্যেই ২৩ হাজার কোটি টাকায় ১১ হাজার ৪০৪টি ঘর দেয়া হয়েছে। এরপর ২০২০-২১ সালে আরও ৫০ হাজার ঘর হতদরিদ্রদের বরাদ্দ দেয়ার প্রকল্প হাতে নেয়া হয়েছে। গতকাল (২৫ জানুয়ারি শনিবার) দিনাজপুর সদর উপজেলায় শিশুদের মাঝে শীতবস্ত্র ও গরিব-অসহায়দের মাঝে কম্বল বিতরণকালে তিনি এসব কথা বলেন।সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৬)।

**১৫। আন্তর্জাতিক কাস্টমস দিবস আজ**

আন্তর্জাতিক কাস্টমস দিবস আজ। বাংলাদেশসহ ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশনের (ডব্লিউসিও) সদস্য ১৮৩টি দেশে একযোগে দিবসটি পালিত হচ্ছে। দিবসের এবারের প্রতিপাদ্য ‘রাজস্বের প্রবৃদ্ধি টেকসই সমৃদ্ধি’ । দিবসটি উপলক্ষে রাষ্টপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৮), **সংবাদ** (পৃ.১৪,ক.৪)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** দীর্ঘদিন ধরে চলমান ব্যাপক দখল-দূষণের কারণে দেশের ২৪ হাজার কিলোমিটার নৌপথ কমে হয়েছে প্রায় ৬ হাজার কিলোমিটার উল্লেখ করে ঢাকার আশেপাশের নদীগুলোকে দখলমুক্ত করতে যে অভিযান পরিচলনা করা হচ্ছে তা সারাদেশে সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ।

**খ.** **ইনকিলাব :** জাতিসংঘের আন্তর্জাতিক বিচার আদালত রোহিঙ্গা গণহত্যা ইস্যুতে গাম্বিয়ার করা মামলায় অন্তবর্তী পদক্ষেপের যে আদেশ দিয়েছে আদালত তা তাৎপর্যপূর্ণ উল্লেখ করে চাপ বৃদ্ধির মাধ্যমে রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধানে মিয়ানমারকে বাধ্য করতে বিশ্বের রাষ্ট্রসমূহের প্রতি আহ্বান।

**গ.** **যায়যায়দিন :** দেশে যাতায়াতজনিত দুর্ঘটনা মারাত্মক আকার ধারন করেছে উল্লেখ করে দুর্ঘটনায় মৃত্যুর হার কমাতে দোষীদের তাৎক্ষণিক শাস্তি নিশ্চিত করার পাশাপাশি নৌ, রেল ও সড়ক পথে ভ্রমণ এবং রাস্তা পারাপারের ক্ষেত্রে জনগণকে আরও সচেতন হওয়ার আহ্বান।

ঘ. **সমকাল** : আমনের ভালো ফলন ও বাজারে ধান-চালের পর্যাপ্ত সরবরাহ সত্ত্বেও বাজারে সব ধরনের চালের মূল্যবৃদ্ধি রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার পাশাপাশি কৃষক যাতে ধানের ন্যায্যমূল্য পায় সে ব্যাপারে দৃষ্টি দেওয়ার পরামর্শ।

ঙ. **যুগান্তর** : দেশের সব নামি দামি উৎপাদনকারী প্রতিষ্ঠানে পানিতে গুঁড়োদুধ মিশিয়ে পাস্তুরিত তরল দুধ’ তৈরির সংবাদ উদ্বেগজনক উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **অবজারভার :** গতবছর ডেঙ্গুজ্বরে বহু লোকের প্রাণহানির কথা উল্লেখ করে এ বছর যাতে এ অবস্থার সৃষ্টি না হয় সে ব্যাপারে আগাম সতর্কবাতামূলক ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. ডেইলি সান : রাজধানীর আসন্ন সিটি করপোরেশন নির্বাচন শান্তিপূর্ণ ও সুষ্ঠু ভাবে অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর :** পত্রিকায় প্রকাশিত **‘প্রাথমিক শিক্ষাকে যুযোপযোগী করতে হবে’’** শিরোনামে নিবন্ধে উল্লেখ করা হয়েছে, কৃত্রিম বুদ্ধিমত্তাশাসিত নতুন বিশ্বব্যবস্থায় আমাদের পরবর্তী প্রজন্ম যাতে অবিযোজিত হয়ে সক্ষমতার পরিচয় দিতে পারে। সে লক্ষ্যে প্রাথমিক শিক্ষাকে যুযোপযোগী করার কোনো বিকাশ নেই।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা